# সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৬৭

১/ পবিত্রতা (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ এই বিষয়ে আরো একটি অনুচ্ছেদ।

باب مِنْهُ آخَرُ

---

আরবী

حَدَّثَنَا هَنَّادٌ، حَدَّثَنَا عَبْدَةُ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنْ مُحَمَّدِ بْنِ جَعْفَرِ بْنِ الزُّبَيْرِ، عَنْ عُبَيْدِ اللَّهِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ عُمَرَ، عَنِ ابْنِ عُمَرَ، قَالَ سَمِعْتُ رَسُولَ اللَّهِ صلى الله عليه وسلم وَهُوَ يُسْأَلُ عَنِ الْمَاءِ يَكُونُ فِي الْفَلاَةِ مِنَ الأَرْضِ وَمَا يَنُوبُهُ مِنَ السِّبَاعِ وَالدَّوَابِّ قَالَ فَقَالَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم " إِذَا كَانَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يَحْمِلِ الْخَبَثَ " . قَالَ عَبْدَةُ قَالَ مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ الْقُلَّةُ هِيَ الْجِرَارُ وَالْقُلَّةُ الَّتِي يُسْتَقَى فِيهَا . قَالَ أَبُو عِيسَى وَهُوَ قَوْلُ الشَّافِعِيِّ وَأَحْمَدَ وَإِسْحَاقَ قَالُوا إِذَا كَانَ الْمَاءُ قُلَّتَيْنِ لَمْ يُنَجِّسْهُ شَيْءٌ مَا لَمْ يَتَغَيَّرْ رِيحُهُ أَوْ طَعْمُهُ وَقَالُوا يَكُونُ نَحْوًا مِنْ خَمْسِ قِرَبٍ .

বাংলা

৬৭. হান্নাদ (রহঃ) ..... ইবনু উমর (রাঃ) থেকে বর্ণনা করেন যে, মাঠের ক্ষুদ্র জলাশয়গুলির পানি এবং এতে যে হিংস্র বা সাধারণ পশু পানি পান করতে আসে সে সম্পর্কে একবার রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম কে প্রশ্ন করা হলে তিনি বলেছিলেন, দুই কুল্লা পানি হলে তা আর নাপাকী বহন করে না। - ইবনু মাজাহ ৫১৭, তিরমিজী হাদিস নম্বরঃ ৬৭ [আল মাদানী প্রকাশনী]

মুহাম্মাদ ইবনু ইসহাক (রহঃ) বলেন কুল্লা বড় মটকা। তা থেকে পানি পান করা হয়। ইমাম আবূ ঈসা তিরমিযী বলেনঃ এ হল ইমাম শাফিঈ, আহমদ ও ইসহাকের অভিমত। তারা বলেন পানি দুই কুল্লা হলে যতক্ষণ এর স্বাদ বা গন্ধ পরিবর্তিত না হবে ততক্ষন ঐ পানি আর কোনভাবেই নাপাক হবে না। তারা আরো বলেনঃ প্রায় পাঁচ মশক পরিমাণ পানিতে দুই কুল্লা হয়।

## English

Ibn Umar narrated:

"I heard Allah's Messenger while he was being asked about water in open areas of the land, and predators and beasts come to it." He said: 'So Allah's Messenger said: 'When the water is two Qullah it does not carry filth.'"

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=16390

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন